গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া।
www.dyd.gov.bd

স্মারক নং- ৩৪.০১.১২৮৫.০০০.১৮.০০১.২২-৭২২ তাং- ২৩/১১/২০২২খ্রিঃ

বিষয়ঃ ইনোভেশন / উদ্ভাবনী উদ্যোগসমূহ অবহিতকরণ।

উপরোক্ত বিষয়ে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, নিম্নে স্বাক্ষরকারী কর্মকর্তা কুড়িগ্রাম জেলার নাগেশ্বরী উপজেলায় বিগত ১৭-০৮-২০২২ খ্রিঃ পর্যন্ত কর্মরত ছিলেন, ২৪-০৮-২০২২ খ্রিঃ থেকে ব্রাহ্মণবাড়ীয়া জেলার নবীনগর উপজেলায় কর্মরত আছে। নাগেশ্বরী উপজেলায় ৭টি উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করেছে এবং বাস্তবায়নাধীন ছিল। নতুন কর্মস্থলে যোগদানের পরপর উদ্যোগসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন শুরু করা হয়েছে। ইতোমধ্যে যুব সংঠন বিষয়ে গৃহীতে আইডিয়া **''আত্মকর্মী সৃজনের মাধ্যমে যুব সংগঠনের কার্যক্রম শক্তিশালীকরণ (পাইলটিং সম্পন্নকৃত)'' বাস্তবায়নের উদ্যোগ নেয়া হয়েছে। অন্যান্য আইডিয়াসমূহ পর্যায়ক্রমে বাস্তবায়ন শুরু করা হবে।**

**এমতাবস্থায় উদ্যোগসমূহ বাস্তবায়নের বিষয়ে সদয় সহযোগীতা করতে বিনীত অনুরোধ করা হলো।**

| ক্রমিক নং | অফিসের নাম | উদ্ভাবিত ও অনুসৃত " ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা"র নাম | উদ্ভাবিত ও অনুসৃত " ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা"র সংখিপ্ত বিবরণ | উদ্ভাবিত ও অনুসৃত " ইনোভেটিভ/সৃজনশীল কর্মপদ্ধতি/উত্তম চর্চা"র কাযর্ক্রম শুরুর সময়/তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাযালয় নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। | যুবদের আত্মকর্মসংস্থান সৃজনে তথ্য প্রযুক্তির মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম সহজীকরণ। (রেপ্লিকেটেড)) | ক) স্থানীয় চাহিদার ভিত্তিতে কর্মসংস্থান উপযোগী ট্রেডে প্রশিক্ষণ প্রদান।<br>খ) ট্রেড নিবার্চনে যুব ও যুব সংগঠনের সাথে আলোচনা করা।<br>গ) যুব সংগঠন/ইউনিয়ন তথ্যসেবা কেন্দ্রের মাধ্যমে ম্যানুয়ালী/অনলাইনে আবেদন গ্রহণ।<br>ঘ) ব্যবহারিক প্রশিক্ষণ উপকরণ সরবরাহ করা।<br>ঙ) প্রশিক্ষণার্থীর সংখ্যা ব্যাচ প্রতি ২০-২৫ জন করা।<br>চ) প্রশিক্ষণার্থীকে নিজস্ব পুঁজিতে **প্রকল্প গড়তে উদ্বুদ্ধ করা।**<br>**ছ) সফল প্রকল্পধারীকে ঋণ প্রাপ্তিতে সহযোগিতা করা।**<br>**জ) উৎপাদিত পন্যের বাজার জাত করনে সহায়তা করা।**<br>ঝ) সনদপত্রের স্বাক্ষর বিকেন্দ্রীকরণ করা। | পাইলটিং সময়ঃ ৩০.০৯.২০১৪- ৩০.১২.২০১৪ খ্রিঃ |
| ০২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাযালয় নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। | **'যুব তথ্য ভান্ডার'** একটি APP, টি **সার্ভিস ইনোভেশণ ফান্ডের এ্যাওয়ার্ড** লাভ (০৭-০৬-১৬) (রেপ্লিকেটেড) আইডিয়াটি রেপ্লিকেটিং পর্যায়ে আছে। | ***APP টি ব্যবহার করে যুব প্রশিক্ষণ ও ঋণের অন লাইন আবেদন করতে পারবে।**<br>***APP টি ব্যবহার করে যুবরা একটি সংকলিত তথ্য পাবে।**<br>***APP টি ব্যবহার করে আত্মকর্মসংস্থান সংক্রান্ত তথ্য পাবে।**<br>***APP টি ব্যবহার করে আত্মকর্মসংস্থান বিষয়ক প্রকল্প সম্পর্কে ধারনা অর্জন করতে পারবে।**<br>***APP টি ব্যবহার করে যুবরা ভিশা যাচাই করে প্রতারনার হাত থেকে রক্ষা পেতে পারবে।**<br>***APP টিতে নিবন্ধন প্রক্রিয়ার তথ্যে ব্লাড গ্রুপের তথ্য থাকায় ব্লাট সংক্রান্ত একটি তথ্য ব্যাংক তৈরী হবে। এটি জড়িপ কাজেও ব্যবহার করা যাবে।** | APP, টি প্রধান কার্যালয় কতৃক নিমান প্রক্রিয়াধীন |
| ০৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। | **আত্মকর্মী সৃজনের মাধ্যমে যুব সংগঠনের কার্যক্রম শক্তিশালীকরণ (পাইলটিং সম্পন্নকৃত)** | *আইডিয়াডির আওতায় অ-নিবন্ধিত যুব সংগঠন নিবন্ধনে উদ্বুদ্ধ করা হয়েছে।<br>* সংগঠনসমূহ অনলাইনে নিবন্ধনে আবেদন করেছে।<br>* নিবন্ধনের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে।<br>* আবেদনের দ্রুততম সময়ে নিবন্ধনের ব্যবস্থা করা হয়েছে।<br>* এ পর্যন্ত ২৪টি সংগঠন নিবন্ধন দেয়া হয়েছে। | **(পাইলটিং সম্পন্নকৃত ০১-০৬-২০১৭/৩০-০৫-২০১৮)(চলমান)** |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | সংগঠনসমূহ সক্রিয় আছে, এবং সামাজিক কর্মকান্ডে সম্পৃক্ত আছে।<br>* সংগঠনসমূহ ষান্মাসিক টার্গেট ভিত্তিক আত্মকর্মসংস্থান সৃষ্টিতে ভূমিকা রাখছে।<br>* জাতীয় দিবস পালন, সরকারি জরুরী কর্মসূচি পালন এবং এলাকার সমাজ উন্নয়নমূলক কাজে ভূমিকা পালন করছে।<br>* সংগঠণের সদস্যদের প্রশিক্ষিত করতে দপ্তরের প্রশিক্ষণসমূহ বাস্তবায়নে অগ্রাধিকার দেয়া হয়েছে।<br>* একই প্রক্রিয়ায় কার্যক্রম চালু রাখা হয়েছে।<br>* আইডিয়াটি বাস্তবায়নে আইন ও বিধির কোন পরিবর্তন করতে হবেনা। পাইলটিংকালে ব্যবহৃত অর্থ অভ্যন্তরীনভাবেই ব্যয় করা হয়েছে। এবং অতিরিক্ত অর্থের প্রয়োজন হবেনা। শুধু আইডিয়াভূক্ত যুব সংগঠনকে অনুদান প্রক্রিয়ায় অগ্রাধিকার দেয়া যেতে পারে।<br>* আইডিয়াটিতে কর্মসংস্থানের বিষয়ে গুরুত্ব দেয়া হয়েছে, এবং নিবন্ধন সহায়তা করনের বিষয় ও অনলাইন আবেদনের বিষয় অন্তভূর্ক্ত আছে। | |
| ০৪ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাযালয় নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। | **তথ্য প্রযুক্তির মাধ্যমে যুব ঋণ আদায়ের হিসাব নির্ণয়** | আইডিয়াটি একজন সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা প্রথমে আমাকে দিয়েছেন (জনাব মোঃ আঃ রাজ্জাক) এটিতে একটি সফটওয়ার তৈরি করা যেতে পারে যার মাধ্যমে যুব ঋণের আদায় কার্যক্রম মনিটর ও আদায় সহজতর হবে। এটি আমাদের অনলাইন রিপোর্ট সফটওয়ারটি আপডেট করেও বাস্তবায়ন সম্ভব। এখানে একজন ঋনী টাকা দেয়ার সময় যেন তার আসল বকেয়া এবং সুদের বকেয়ার পরিমান দেখতে পান, এই ব্যবস্থা থাকবে।<br>এতে যা সুবিধা হবেঃ<br>* টাকা পরিশোধের সময় আসলের সঠিক হিসাব পাওয়া যাবে।<br>* টাকা পরিশোধের সময় সুদের সঠিক হিসাব পাওয়া যাবে।<br>* হিসাবে ভুল হওয়ার সম্ভাবনা থাকবেনা।<br>*হিসাব কসতে কর্মকর্তা - কর্মচারীদের সময় ব্যয় হবেনা বিধায় বেশী কাজ করতে পারবে।<br>*ঋণীরও সময় সাশ্রয় হবে।<br>*ঋণ পরিশোধে ঋণীর যাতায়াতও হ্রাস পাবে।<br>*বিশেষকরে সুদ ও বকেয়া সুদের হিসাব কসার ঝামেলা কমে যাবে।<br>*এককথায় আইডিয়াটি বাস্তবায়িত হলে ঋনী ও অফিস পর্যায়ে সময়-ব্যয়-যাতায়াত অনেক সাশ্রয় হবে।<br>আইডিয়া টি বাস্তবায়িত হলে অসংখ্য আত্মকর্মী হবে এবং যুব ঋণ আদায় কার্যক্রমে গতিশীলতা আসবে। | **(ধারনা পর্যায়ে)** |
| ০৫ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাযালয় নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। | **বেকার মুক্ত গ্রাম সৃজন। (একটি বাস্তবায়িত আইডিয়ার বাস্তবায়ণ)** | একটি গ্রামকে বেকার মুক্ত করে গড়ে তোলা হবে। | বাস্তবায়নকারি সংগঠন – ব্রাইট ফিউচার যুব উন্নয়ন সংস্থা, নেওয়াশী। পাইলটিং চলমান- ০১-০১-২০২০ থেকে করনাকালীন কারনেব্যহত |
| ০৬ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। | যুব সংগঠনের সম্পৃক্ততায় তথ্য প্রযুক্তি সম্পন্ন গ্রাম সৃজন | একটি গ্রামকে প্রযুক্তি সমৃদ্ধ করে গড়ে তোলা হবে। | বাস্তবায়নকারি সংগঠন – ব্রাইট ফিউচার যুব উন্নয়ন সংস্থা, নেওয়াশী। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | | | পাইলটিং চলমান- ০১-০৭-২০২১ থেকে |
| ০৭ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কাযালয় নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া। | যুব সংগঠনের সম্পৃক্ততায় আদর্শ গ্রাম সৃজন | একটি গ্রামকে বেকার মুক্ত দৃষ্টি নন্দন, প্রযুক্তি সমৃদ্ধ করে গড়ে তোলা হবে। | বাস্তবায়নকারি সংগঠন – স্নেহের পরশ যুব ও সমাজ উন্নয়ন সংঘ, ভিতরবন্দ। দ্রুতই পাইলটিং শুরু করা হবে। |

**প্রকল্প সংক্রান্ত তথ্যঃ**

- **ইমেইল :** dydnag.kuri.net@gmail.com
- **প্রকল্প বিষয়ে লেখা লিংক :** goo.gl/lf3XlA
- **অফিসিয়াল ফেইস বুক লিংক :** goo.gl/aoAQTf
- **নাগেশ্বরীতে যুব প্রশিক্ষণের আবেদনের লিংক :** goo.gl/O8QG4r
- **নাগেশ্বরীতে যুব ঋণের আবেদনের লিংক :** goo.gl/XxWFY2
- **নাগেশ্বরীতে যুব সংগঠন নিবন্ধনের আবেদনের লিংক :** goo.gl/z18Bcw
  **কর্মকর্তার মোবাইল নম্বর : ০১৭১২৩৬৬০০৩**

উপপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
ব্রাহ্মণবাড়ীয়া।

(মোঃ মনজুর আলম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া।

স্মারক নং- ৩৪.০১.১২৮৫.০০০.১৮.০০১.২২-৭২২ তাং- ২৩/১১/২০২২খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জেষ্ঠতার ক্রম অনুযায়ী নয়)ঃ
১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
২। প্রকল্প পরিচালক, এ টু আই প্রকল্প, আইসিটি বিভাগ, ঢাকা।
৩। পরিচালক, প্রশাসন ও অর্থ, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৪। চীপ ইনোভেশন অফিসার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
৫। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়ীয়া।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া।
৬। উপজেলা নির্বাহী অফিসার, নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া।
৭। অফিস কপি।

(মোঃ মনজুর আলম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
নবীনগর, ব্রাহ্মণবাড়ীয়া।